

## CASE STUDY

১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

আর্মানি গির্জের কাছে আপিস। যাওয়া মুশকিল হবে। পূর্ব দিকের মেঘ ইম্পাতের মতো কালো। পশ্চিম দিকের মেঘ ঘন নীল। সকালে রৌদ্র ছিল, নিশ্চিন্ত ছিলাম। দেখতে দেখতে বিস্তর মেঘ জমেছে। বাদলা বেশিক্ষণ স্থায়ী না হ'লে বাঁচি। শরীরটা অসুস্থ আছে। মাথা ধরেছে, স্থির হয়ে থাকতে পারছি। আপিসের ভাত এখনো হ'ল না। উনানের আগুনটা উসকিয়ে দাও। ঠাকুর আমার ঝলে যেন লক্ষা না দেয়। বন্ধিমকে আমার অংকের খাতাটা আনতে বলো, দোতলা ঘরের পালঙ্কের উপর আছে। কক্ষা খাতা নিয়ে খেলতে গিয়ে তার পাতা ছিঁড়ে দিয়েছে। বৃষ্টি নামলো দেখছি। সৃষ্টিধর, ছাতাটা খুঁজে নিয়ে আয়; না পেলে ভারী কষ্ট হবে।

- i) গির্জায় কোন্ বিশেষ দিনে তোমারা য়েয়ে থাকো? a) ৫ই জুন b) ২৩ শে জানুয়ারি c) ২৫ শে ডিসেম্বর d) ১৪ ই নভেম্বর
- ii) ভাত এখনো না হওয়ার কারণ কী? a) আগুন ঠিকঠাক ছিল না b) আগুন বেশি ছিল c) বৃষ্টি পড়ছিল d) মেঘ করেছিল
- iii) আপিসে যেতে মুশকিল কেন? a) পশ্চিম দিকের মেঘ ঘন নীল b) সকালে প্রচণ্ড রৌদ্র ছিল c) মাথা ধরেছে d) পূর্ব দিকের মেঘ ইম্পাতের মতো কালো হয়েছে
- iv) অংকের খাতাটা আনতে বলার কারণ হল - a) পালঙ্কের উপর পড়ে আছে b) কক্ষা খাতা ছিঁড়ে দিয়েছে c) বৃষ্টি হচ্ছে d) উনানে আগুন জ্বলছে
- v) ছাতাটা খুঁজে নিয়ে আসবে কে? a) কক্ষা b) বন্ধিম c) সৃষ্টিধর d) লক্ষা